

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-4

[লোকসংস্কৃতি ও লোকসাহিত্য]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “সেকাল হোক বা একাল লোকসংস্কৃতির মৌল বৈশিষ্ট্যগুলো সবকালেই অপরিবর্তিত।” — এ বিষয়ে তথ্যভিত্তিক আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) “পরমার্থ কামনা নয় ইহলৌকিক কামনাই ব্রত পালনের মুখ্য সূর।” — সেইজুতি ব্রতানুষ্ঠানের পরিপ্রেক্ষিতে উক্তিটির যথার্থ প্রতিপন্ন করো। ১০
- ২। (ক) ‘ছৌ’ নাচ বলতে কী বোঝো? এর বিশেষ বৈশিষ্ট্য ও ধারা সম্পর্কে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) ধাঁধার উদ্ভব সংক্রান্ত মতবাদগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৩। (ক) বাংলা আঞ্চলিক লোকগীতি হিসাবে ভাটিয়ালির পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) “রূপকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।” — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০
- ৪। (ক) লোকসাহিত্যের শ্রেণিবিভাগ করো। ৫
- অথবা,
- (খ) টাইপ ও মোটিফ কী বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) বাংলা লোকছড়ায় অনেকসময়ই বিভিন্ন পর্বাস্তুর পাওয়া যায়। একটি পরিচিত ছড়ার দুটি পর্বাস্তুর লেখো। এরকম পর্বাস্তরের কারণ জানাও। ৫
- অথবা,
- (খ) ‘রায়বেশে’ লোকনৃত্যের বিশেষ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) বাংলা প্রবাদে সামাজিক অভিজ্ঞতার প্রকাশ ঘটেছে।— আলোচনা করো।

৫

অথবা,

(খ) “বাউল সাধনার মূল বক্তব্য মানবতন্ত্র। লালনের গান এই তন্ত্রের প্রকৃষ্ট সমর্থক।” — ব্যাখ্যা করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) মাঘমণ্ডল

(খ) গম্ভীরা

(গ) ভাওয়াইয়া।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘Folklore’ শব্দটি কে প্রস্তাব করেন?

(খ) ‘Folklore’-এর বাংলা প্রতিশব্দ ‘লোকসংস্কৃতি’ ছাড়া অন্য একটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো।

(গ) টাইপ ও মোটিফ পদ্ধতি কবে থেকে শুরু হয়?

(ঘ) ‘বাংলার ব্রত’ গ্রন্থটির প্রকাশকালসহ রচয়িতার নাম লেখো।

(ঙ) ‘ব্রত’ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নির্দেশ করো।

(চ) গম্ভীরা কোন অঞ্চলের লোকনৃত্য?

(ছ) রায়বেশে শব্দের অর্থ কী?

(জ) একজন প্রখ্যাত ‘ছৌ’ নৃত্যশিল্পীর নাম লেখো।

(ঝ) ধাঁধা শব্দটির উৎস কোন শব্দ?

(ঞ) একটি সাহিত্যিক ধাঁধার উদাহরণ দাও।

(ট) ছড়া ও ধাঁধার মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঠ) ‘বাংলার ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধটি কার লেখা?

(ড) প্রবাদ ও প্রবচনের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঢ) সামাজিক দ্বন্দ্ব সম্পর্কিত একটি প্রবাদের উল্লেখ করো।

(ণ) সমতলের নদী ও নৌকার প্রসঙ্গ পাওয়া যায় কোন লোকগানে?